গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র ও পাট মন্ত্রণালয়
প্রশাসন-১ (সংস্থাপন) শাখা
www.motj.gov.bd
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নম্বর: ২৪.০০.০০০০.১১১.১৮.২১৩.১৯-৪৯

তারিখ: ০৭ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য প্রকৃত বাংলাদেশি স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না
ক	খ	গ	ঘ	ঙ	চ
১	সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর	১১০০০-২৬৫৯০/- (গ্রেড ১৩) এবং তৎসহ অন্যান্য ভাতাদি	০৪ (চার) টি	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী (খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত (গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে গতি যথাক্রমে বাংলায় ৪৫ শব্দ ও ইংরেজী ৭০ শব্দ, কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে গতি যথাক্রমে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজীতে ৩০ শব্দ এবং (ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	**ঢাকা বিভাগ:** মাদারীপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল **ময়মনসিংহ বিভাগ:** জামালপুর, নেত্রকোনা **চট্টগ্রাম বিভাগ:** ফেনী, লক্ষ্মীপুর **রাজশাহী বিভাগ:** পাবনা, নওগাঁ, বগুড়া **রংপুর বিভাগ:** রংপুর, পঞ্চগড় **খুলনা বিভাগ:** কুষ্টিয়া **সিলেট বিভাগ:** মৌলভীবাজার তবে, সকল জেলার এতিম, প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন
২	কম্পিউটার অপারেটর	১১০০০-২৬৫৯০/- (গ্রেড ১৩) এবং তৎসহ অন্যান্য ভাতাদি	০৪ (চার) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।	
৩	ক্যাশিয়ার	১০২০০-২৪৬৮০/- (গ্রেড ১৪) এবং তৎসহ অন্যান্য ভাতাদি	০১ (এক) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী এবং (খ) কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	
৪	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	৯৩০০-২২৪৯০/- (গ্রেড ১৬) এবং তৎসহ অন্যান্য ভাতাদি	০২ (দুই) টি	(ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে গতি বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ (ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	
৫	অফিস সহায়ক	৮২৫০-২০০১০/- (গ্রেড ২০) এবং তৎসহ অন্যান্য ভাতাদি	০৮ (আট) টি	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	**ঢাকা বিভাগ:** গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, রাজবাড়ী, শরীয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল **ময়মনসিংহ বিভাগ:** জামালপুর **চট্টগ্রাম বিভাগ:** ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর **রাজশাহী বিভাগ:** রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ **রংপুর বিভাগ:** রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম **খুলনা বিভাগ:** খুলনা, ঝিনাইদহ, মাগুরা, কুষ্টিয়া **বরিশাল বিভাগ:** বরিশাল, ভোলা, পটুয়াখালী তবে, সকল জেলার এতিম, প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন

বিঃ দ্রঃ ১২/০৭/২০১৬ খ্রিঃ তারিখের ২৪.০০.০০০০.১১১.১১.০০৫.১৫-৭২৯ সংখ্যক নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী কম্পিউটার অপারেটর পদে আবেদনকারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

আবেদনের নিয়মাবলী ও শর্তাবলী:

১. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://motj.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online- এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৬/০১/২০২১ খ্রিঃ সকাল ১০:০০ টা

ii. Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৫/০২/২০২১ খ্রিঃ বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে user ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit- এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ (Application Preview) দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূরক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ শর্তাবলীর ক্রমিক নং ২ এ নির্ধারিত অঙ্কের টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ যে, " Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: MOTJ<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MOTJ ABCDEF

Reply: Applicant's Name, TK 112 (in case of grade 13-16)/Tk 56 (in case of grade 20) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee type MOTJ <Space> yes <Space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS: MOTJ<space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MOTJ YES 12345678

Reply: Congratulations Applications Name, Payment completed successfully for xxxxxxx Application for post xxxxxxx User ID is (ABCDEF) and password (xxxxxxx)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://motj.teletalk.com.bd ওয়েবসাইটে প্রকাশ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে MOTJ <space>Help <space> User <space> User ID Send to 16222.

Example: MOTJ Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে MOTJ <space> Help <space> PIN No & Send to 16222.

Example: MOTJ Help PIN 12345678 & Send to 16222.

২.	১-৪ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য সর্বমোট ১০০+১২ (চার্জ) = ১১২ (একশত বারো) টাকা এবং ৫নং ক্রমিকে বর্ণিত পদের জন্য সর্বমোট ৫০+৬ (চার্জ) = ৫৬ (ছাপ্পান্ন) টাকা কর্তন করা হবে।
৩.	কোটা নির্ধারণে সরকারের সর্বশেষ কোটা সংক্রান্ত নীতি অনুসরণ করা হবে।
৪.	এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এতিমখানা নিবাসী/শারীরিক প্রতিবন্ধী সনদপত্র সংযুক্ত করতে হবে। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার সন্তান/নাতী-নাতনীদের তাদের পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর মুক্তিযুদ্ধে অংশগ্রহণের প্রমাণপত্র (৯ম বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে। বিভিন্ন কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডকুমেন্ট আপলোড করতে হবে।
৫.	পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য যথাসময়ে ই-মেইল ও এসএমএস এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.motj.gov.bd এর মাধ্যমে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
৬.	কেবলমাত্র লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৭.	মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবিসহ সংশ্লিষ্ট সকল কাগজপত্র/সনদপত্রের মূলকপি এবং ০১(এক) সেট ফটোকপি (৯ম বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে।
৮.	২৫ মার্চ ২০২০ তারিখে বয়স সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে শুধুমাত্র বীর মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত গ্রহণযোগ্য। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। বয়স নিরুপণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
৯.	কোন প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা হিসেবে আবেদনপত্রে উল্লেখ করলে সে ক্ষেত্রে প্রমাণক হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/০৬/২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্রাদি/তথ্যাদি দাখিল করতে হবে: ক. বীর মুক্তিযোদ্ধার নাম সংবলিত "লাল মুক্তিবার্তা" অথবা "ভারতীয় তালিকা'র সত্যায়িত কপি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website এ প্রকাশিত সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত তালিকা জমা দিতে হবে। আবেদনে উল্লিখিত বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা" অথবা উপস্থাপিত উভয় তালিকার সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের Website-এ প্রকাশিত বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে। খ. কোন বীর মুক্তিযোদ্ধার নাম "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা'য় না থাকলে প্রার্থীকে বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত ১. গেজেট ও সাময়িক সনদ; অথবা ২. গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) কর্তৃক প্রদত্ত সনদ; অথবা ৩. গেজেট, সাময়িক সনদ ও বামুস সনদ দাখিল করতে হবে।
১০.	সরকারী, আধাসরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
১১.	নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদন এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন সফটওয়্যার কর্তৃক গৃহীত হবে না।
১২.	আবেদনপত্রের সাথে কোন পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট দেয়ার প্রয়োজন নেই।
১৩.	এ নিয়োগ সংক্রান্ত তথ্যাবলী বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.motj.gov.bd) পাওয়া যাবে।
১৪.	অনলাইনে আবেদন সংক্রান্ত তথ্যাবলী প্রয়োজন হলে যে কোন টেলিটক নাম্বার থেকে ফোন করুন ১২১ এ অথবা ই-মেইল করুন vas.query@teletalk.com.bd অথবা বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের systemanalyst@motj.gov.bd-এ ই-মেইল এ অফিস চলাকালীন সময় যোগাযোগ করা যাবে।
১৫.	প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১৬.	যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।
১৭.	চাকুরিতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/আংশিক/সম্পূর্ণ পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার পূর্ণক্ষমতা সংরক্ষণ করেন।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

২১/০১/২০২১

(মোহাম্মদ জাকির হোসেন)
উপসচিব
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি

জি-১৭৫/২১ (২০´x৫)